



বাংলাদেশ কৃষি ব্যাংক

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

০২২২৩৩-৮৮৯৪৯

পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২

০২২২৩৩-৮০০২৪-২৫

০২২২৩৩-৮০০৩১-৩৫

ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/২৮(৩৩)অংশ-২/২০২১-২০২২/২২৩৮(১২৫০)

তারিখঃ ১০/০৫/২০২২

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ

উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখাসমূহ,

সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনা ট্রাস্টরস লিঃ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে 'স্বরাজ', 'বেলারুশ' ও 'ইন্দোপাওয়ার' মডেলের ট্রাস্টর সরবরাহের জন্য তালিকাভুক্তির নিরাপত্তা জামানতের ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা ফেরৎ প্রদানের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে ট্রাস্টর আমদানীকারক/সরবরাহকারী হিসাবে তালিকাভুক্ত প্রতিষ্ঠান করোনা ট্রাস্টরস লিঃ বিগত ২৩/০২/২০১১ তারিখ হতে ট্রাস্টর সরবরাহকারী হিসেবে অত্র ব্যাংকের সহিত তালিকাভুক্ত হয়; যার সর্বশেষ চুক্তির মেয়াদ ২২/০২/২০১৬ তারিখ শেষ হয়েছে। অত্র বিভাগের সর্বশেষ সার্কুলার লেটার নং-প্রকা/ঋঃঅঃ-১/ ২৮(৩৩)/২০১৩-১৪/৪০০(১১০০) তারিখ ০১/১২/২০১৩ মূলে ০১(এক)টি মডেলের ০৮(আট)টি "ইন্দোপাওয়ার" ট্রাস্টর এর মূল্য নির্ধারণ করা হয়। চুক্তিপত্রের ১০(ক) শর্তানুযায়ী ব্যাংক ঋণের বিপরীতে সর্বশেষ সরবরাহকৃত ট্রাস্টর ০১(এক) বছর ০৬(ছয়) মাস পর্যন্ত নির্বিঘ্নে চলার নিশ্চয়তা দেয়ার উল্লেখ রয়েছে। নিরাপত্তা জামানতের টাকা ফেরত প্রদান করা হলে পরবর্তীতে ব্যাংক বা ঋণ গ্রহীতা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে জন্য করোনা ট্রাস্টরস লিঃ কর্তৃক মাঠ পর্যায়ে কোন শাখায় 'স্বরাজ', 'বেলারুশ' অথবা 'ইন্দোপাওয়ার' মডেলের ট্রাস্টর সরবরাহ করা হয়েছিল কিনা - তথ্য জানা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, করোনা ট্রাস্টরস লিঃ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে কোন ট্রাস্টর সরবরাহ করা হয়েছে কিনা বা চুক্তিকালীন সময়ে (২৩/০২/২০১১ তারিখ হতে অদ্যাবধি) শাখায় কোন "স্বরাজ", "বেলারুশ" অথবা "ইন্দোপাওয়ার" মডেলের ট্রাস্টর সরবরাহ করা হয়ে থাকলে তাদের বিরুদ্ধে কোন অভিযোগ/আপত্তি বা নিরীক্ষা/বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি অনিল্পন্ন আছে কিনা তা লিখিত পত্রের মাধ্যমে আগামী ৩০/০৫/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। ৩০/০৫/২০২২ তারিখের মধ্যে কোন জবাব/তথ্য প্রেরণ না করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে "স্বরাজ", "বেলারুশ" অথবা "ইন্দোপাওয়ার" মডেলের কোন ট্রাস্টর সরবরাহ করা হয়নি বা করোনা ট্রাস্টরস লিঃ এর বিরুদ্ধে কোন অভিযোগ/আপত্তি বা নিরীক্ষা/বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি অনিল্পন্ন নেই মর্মে বিবেচনা করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ না করার ফলে ব্যাংক যদি আর্থিক ক্ষতির সম্মুখীন হয় তবে তার দায়দায়িত্ব সংশ্লিষ্টের উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ মঈনুল হোসেন)

উপমহাব্যবস্থাপক


ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/২৮(৩৩)অংশ-২/২০২১-২০২২/২২৩৮(১২৫০)

তারিখঃ ১০/০৫/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে (প্রাইভেট জোন) আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৬। নথি / মহানথি।


(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক